**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**নৌপরিবহন মন্ত্রণালয়**
**নৌশিক্ষা ও প্রশিক্ষণ অধিশাখা**
**www.mos.gov.bd**

**প্রজ্ঞাপন**

**তারিখ:** ২২ কার্তিক ....... **১৪৩০ বঙ্গাব্দ/** ৭ নভেম্বর ....... **২০২৩ খ্রিষ্টাব্দ**

**নম্বর-১৮.০০.০০০০.০১৭.০৬.০১৬.২৩-৮৫৩ বাংলাদেশ মেরিন একাডেমি পদক নীতিমালা-২০২৩**

প্রস্তাবনা

সুনীল অর্থনীতির সম্ভাবনাকে কাজে লাগিয়ে টেকসই অর্থনৈতিক উন্নয়নের মাধ্যমে বাংলাদেশকে একটি উন্নত রাষ্ট্র হিসেবে প্রতিষ্ঠা এবং বহি:বিশ্বের সাথে সেতু বন্ধনের নিমিত্ত সমুদ্র পথের এ অপার সম্ভাবনাকে কাজে লাগানোর জন্য ০৪টি নতুন মেরিন একাডেমি প্রতিষ্ঠা করা হয়েছে। একাডেমিগুলো হতে প্রশিক্ষণপ্রাপ্ত মেরিনারগণ দেশ ও বিদেশের বাণিজ্যিক জাহাজে কর্মদক্ষতা প্রমাণের মাধ্যমে বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা অর্জন করে দেশীয় অর্থনীতির ভিত্তি সুসংহত করবে। এ নীতিমালাটি ‘বাংলাদেশ মেরিন একাডেমি পদক নীতিমালা ২০২৩’ নামে অভিহিত হবে।

২. উদ্দেশ্য: ক্যাডেটদের শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রমকে প্রতিযোগিতামূলক এবং কার্যকরী করার মাধ্যমে জ্ঞান আহরণ ও নিয়ম-শৃংখলার প্রতি অধিকতর আগ্রহী মনোভাব সৃষ্টি।

৩. পুরষ্কারের নাম:

(ক) কমান্ড্যান্ট এর স্বর্ণ পদক/Commandant’s Gold Medal - ০১ টি
(খ) কমান্ড্যান্ট এর রৌপ্য পদক/Commandant’s Silver Medal.- ০২ টি

৪. পুরষ্কার প্রদানের ক্ষেত্র: নিম্ন বর্ণিত ক্ষেত্রে পুরস্কার প্রদান করা হবে:

| ক্ষেত্র | অবদানের প্রকৃতি |
|---|---|
| ১. স্বর্ণ পদকের জন্য উভয় বিভাগ হতে সর্ব বিষয়ে সর্বোচ্চ নম্বরধারী ক্যাডেট (Best All Round Cadet)-০১ জন ক্যাডেট | ১. প্রি-সী ট্রেনিং এ নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং বিভাগ হতে শ্রেষ্ঠ ক্যাডেট নির্বাচনের সকল মানদন্ডে প্রাপ্ত সর্বোচ্চ নম্বরসহ সর্বোচ্চ CGPA অর্জনকারী ০১ জন ক্যাডেট। |
| ২. রৌপ্য পদকের জন্য বিভাগ ভিত্তিক সর্বোচ্চ নম্বর অর্জনকারী (Best in Nautical ও Best in Engineering)- ০২ জন ক্যাডেট (নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং বিভাগ হতে) | ২. বিভাগ ভিত্তিক (নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং) ০১ জন করে ০২ জন স্ব স্ব বিভাগে সর্বোচ্চ CGPA ও মূল্যায়নের সকল মানদন্ডে সর্বোচ্চ নম্বর অর্জনকারী। এক্ষেত্রে স্বর্ণ পদক অর্জনকারী রৌপ্য পদকের জন্য বিবেচিত হবে না। |

৫. পুরস্কারের পরিধি: বাংলাদেশে সদ্য প্রতিষ্ঠিত ০৪ টি মেরিন একাডেমি (রংপুর, বরিশাল, পাবনা, সিলেট এবং ভবিষ্যতে নির্মিতব্য একাডেমি) এর প্রি-সী ট্রেনিং সম্পন্নকারী উপযুক্ত ক্যাডেটগণ।

৬.	<u>পদকের সংখ্যা ও প্রদেয় বিষয়াদি</u>: প্রতি বছর অনুচ্ছেদ '৪' এ বর্ণিত ক্ষেত্রসমূহে একটি স্বর্ণ পদক ও দুইটি রৌপ্য পদক প্রদান করা হবে।

(ক)	পুরস্কার হিসেবে ০১ টি স্বর্ণ পদক।

| ক্রমিক | বিবরণ | মন্তব্য |
|---|---|---|
| ১. | কমান্ড্যান্ট এর স্বর্ণ পদক/Commandant's Gold Medal | |
| ২. | ক্যারেট (গুণগত মান) | ২২ ক্যারেট (স্বর্ণ) |
| ৩. | সাইজ | ব্যাস=৭৬ মিলি মিঃ<br>পুরুত্ব=৬ মিলি মিঃ |
| ৪. | আকৃতি | নমুনা অনুযায়ী |
| ৫. | ওজন | ৯০ গ্রাম ব্রোঞ্জ এর উপর ১০ গ্রাম স্বর্ণের প্রলেপ |
| ৬. | সামনে মুদ্রিত থাকবে | নমুনা মোতাবেক - পরিশিষ্ট (ক) |
| ৭. | পিছনে মুদ্রিত থাকবে | নমুনা মোতাবেক - পরিশিষ্ট (ক) |
| ৮. | পদক তৈরিকরণ | স্ব স্ব একাডেমির তত্ত্বাবধানে তৈরি করা |

(খ)	পুরস্কার হিসেবে ০২ টি রৌপ্য পদক।

| ক্রমিক | বিবরণ | মন্তব্য |
|---|---|---|
| ১. | কমান্ড্যান্ট এর রৌপ্য পদক/Commandant's Silver Medal | |
| ২. | ক্যারেট (গুণগত মান) | ৯৬০/৯৯৯ গ্রেড |
| ৩. | সাইজ | ব্যাস=৭৬ মিলি মিঃ<br>পুরুত্ব=৬ মিলি মিঃ |
| ৪. | আকৃতি | নমুনা অনুযায়ী |
| ৫. | ওজন | ৯২.৫% রূপা ও ৭.৫% কপার। মোট ওজন ১০০ গ্রাম |
| ৬. | সামনে মুদ্রিত থাকবে | নমুনা মোতাবেক - পরিশিষ্ট (খ) |
| ৭. | পিছনে মুদ্রিত থাকবে | নমুনা মোতাবেক - পরিশিষ্ট (খ) |
| ৮. | পদক তৈরিকরণ | স্ব স্ব একাডেমির তত্ত্বাবধানে তৈরি করা |

৭.	পুরস্কার প্রদান কার্যক্রমের ব্যয়: পুরস্কার প্রদান কার্যক্রমের জন্য প্রতিটি মেরিন একাডেমির সংশ্লিষ্ট রাজস্ব কোডে বরাদ্দকৃত অর্থ থেকে ব্যয় নির্বাহ করা হবে।

৮.	বাছাই কমিটি: ক্যাডেট চূড়ান্তকরণের জন্য স্ব-স্ব একাডেমির নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে বাছাই কমিটি গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ১. | কমান্ড্যান্ট | -সভাপতি |
| ২. | নৌশিক্ষা প্রধান | -সদস্য |
| ৩. | প্রধান প্রকৌশলী | -সদস্য |
| ৪. | প্রধান শিক্ষা কর্মকর্তা | -সদস্য |
| ৫. | এ্যাডজুটেন্ট | -সদস্য সচিব |

৮.১.	কমিটির কর্মপরিধি:

ক.	৪র্থ সেমিস্টার পরীক্ষা শেষে ফলাফলের ভিত্তিতে (১ম থেকে ৪র্থ সেমিস্টার) বিভাগ অনুযায়ী সর্বোচ্চ CGPA অর্জনকারী ক্যাডেট বাছাই;
খ.	অনুচ্ছেদ ৪ এর ২য় কলামে উল্লিখিত নম্বর এবং সর্বোচ্চ CGPA সমন্বয়ে প্রতিটি বিভাগ হতে ০৫ জন করে ক্যাডেট নির্বাচন;
গ.	নির্বাচিত ক্যাডেট হতে সর্ব বিষয়ে পারদর্শিতার ভিত্তিতে উভয় বিভাগের মধ্য হতে ০১ জন শ্রেষ্ঠ ক্যাডেট কমান্ড্যান্ট এর স্বর্ণ পদকের জন্য চূড়ান্তভাবে মনোনয়ন;
ঘ.	একই প্রক্রিয়ায় উভয় বিভাগ (নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং) হতে একজন করে মোট ০২ জন ক্যাডেট কমান্ড্যান্ট এর রৌপ্য পদকের জন্য চূড়ান্তভাবে মনোনয়ন;
ঙ.	উল্লেখ্য একই ক্যাডেটকে স্বর্ণ ও রৌপ্য উভয় পদকের জন্য বিবেচনা না করা;
চ.	প্রতিবছর পাসিং আউটের আগে যথাসময়ে পদক প্রস্তুত করা।

৯.	পদকধারীদের নাম সংরক্ষণ: এতদ্‌সংক্রান্ত তথ্যাদি একাডেমিসমূহের স্ব স্ব ওয়েবসাইট, স্মরণিকায় প্রকাশ এবং রেজিস্টারে লিপিবদ্ধের মাধ্যমে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০.	নীতিমালা সংশোধন/পরিমার্জন/অস্পষ্টতা দূরীকরণ: নৌপরিবহন মন্ত্রণালয় এ নীতিমালার সংশোধন, পরিমার্জন ও অস্পষ্টতা দূর করবে।

৭/৭/২০
মোঃ মোস্তফা কামাল
সিনিয়র সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়